



২৮ এপ্রিল, ২০২৪

বাজুস/সাধারণ বিজ্ঞপ্তি/০২৮/৫২২/২০২৪

নোটিশ

সম্মানিত জুয়েলার্সবন্দ,

শুভেচ্ছা জানবেন। আপনাদের আন্তরিক সহযোগিতায় বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন-বাজুস দেশের সর্ববৃহত বাণিজ্য সংগঠনে পরিণত হয়েছে। এ সংগঠনের কার্যক্রম আন্তর্জাতিক মানে উন্নীত করার প্রয়াস চলমান। এই ধারাবাহিকতায় বিশ্বের অন্যান্য দেশের সাথে সামঞ্জস্য রেখে বাজুস সোনার মূল্য নির্ধারণসহ কিছু নিয়ম নীতির পরিবর্তন করছে, যা নিম্নরূপ:

১. স্থানীয় বাজারে তেজাবী (পিওর গোল্ড) সোনার যে মূল্য পাওয়া যাবে সেটা ২১ ক্যারেট সোনার মূল্য এবং মান অনুযায়ী ২২, ১৮ ক্যারেট ও সনাতন সোনার মূল্য নির্ধারণ করা হবে।
২. নিজ নিজ প্রতিষ্ঠানের ১৮, ২১ ও ২২ ক্যারেটের সোনার অলংকার পরিবর্তনের ক্ষেত্রে ৯ শতাংশ ও ক্রেতার নিকট থেকে ক্রয়ের ক্ষেত্রে ১৩ শতাংশ বাদ দিতে হবে।
৩. সনাতন সোনার অলংকার ক্রেতার নিকট থেকে ক্রয়ের সময় ১৩ শতাংশ বাদ দিতে হবে।
৪. সোনার অলংকার বিক্রয়ের সময় কমপক্ষে বা নূন্যতম ৬ শতাংশ মজুরী গ্রহণ করতে হবে।

এ বিষয়ে আপনাদের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

বাদল চন্দ্র রায়
সাধারণ সম্পাদক